

২৭/১১/২০২৪ খ্রি : তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : ঝিকরগাছা, যশোর।
সভাপতি : জনাব ভূপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ২৭/১১/২০২৪ খ্রি : সময় : ১১.০০ টায়।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।


আলোচ্যসূচী : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী : ২। বিআরডিবি প্রশিক্ষণ কক্ষে আসবাবপত্রের সম্ভব্য চাহিদা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আশির দশকে প্রথম গভীর/অগভীর নলকূপ স্থাপনে ইরি/বোরো ধান চাষ শুরুর মাধ্যমে দেশ আজ খাদ্যে স্বঃসম্পূর্ণ হয়েছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঝিকরগাছা উপজেলার সাধারণ কৃষকদের আত্মসামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরলস ভাবে সেবা প্রদান করে আসছে এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঝিকরগাছা কৃষক সমবায় সমিতি লিঃ, মহিলা সমবায় সমিতি লিঃ সহ বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির সদস্যদের প্রতি মাসে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাঁদের চাহিদা মোতাবেক ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে সদস্যদের সাবলম্বী করে গড়ে তোলার ব্যবস্থা করা হয়। উপজেলা (বিআরডিবি) অফিসে পুরুষ/মহিলা সমবায় সমিতি/দল মিলে ১৩৮ টি ঋণ চলমান সমিতি আছে। যাহার সদস্য সংখ্যা ৩,৫২৭ (তিন হাজার পাঁচশত সাতাশ) জন। সমবায় সমিতির সদস্যগণ গ্রাম পর্যায়ে নেতৃত্ব প্রদান করে থাকে। ফলে সমবায় সমিতির সদস্যদেরকে বিভিন্ন বিষয়ের উপর ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। বিআরডিবি'র প্রশিক্ষণ ছাড়াও উপজেলার বিভিন্ন অফিস প্রশিক্ষণ প্রদান করে থাকেন। কিন্তু প্রশিক্ষণ হল রুমের সাউন্ড সিস্টেম ও সুন্দর পরিবেশ না থাকায় প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ গ্রহণ করতে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। প্রশিক্ষণ হল রুমের প্রশিক্ষণার্থীদের টেবিল থাকলে প্রশিক্ষণ হলরুমের প্রশিক্ষানোভুর পরিবেশ সুন্দর করতে প্রশিক্ষণার্থীদের বসার জন্য-১০ (দশ) টি টেবিল, প্রশিক্ষকগণ বসার জন্য ০৪ (চার) টি চেয়ার ও ০২ (দুই) টি টেবিল এবং প্রশিক্ষণ কক্ষের জন্য সাউন্ড সিস্টেমের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হয় এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহবান জানান।

সিদ্ধান্ত : উপস্থাপিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বিআরডিবি অফিসের প্রশিক্ষণ কক্ষের সাউন্ড সিস্টেম ও সুন্দর পরিবেশের জন্য প্রশিক্ষণার্থীদের বসার জন্য-১০ (দশ) টি, প্রশিক্ষক বসার জন্য ০৪ (চার) টি চেয়ার ও ০২ (দুই) টি টেবিল এবং প্রশিক্ষণ কক্ষের জন্য সাউন্ড সিস্টেমের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্পের নাম :- বিআরডিবি প্রশিক্ষণ কক্ষের সুন্দর পরিবেশ তৈরী। প্রকল্পের ব্যয় :- ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ভূপালী সরকার
প্রশাসক

উপজেলা পরিষদ

ও

উপজেলা নির্বাহী অফিসার


ঝিকরগাছা, যশোর।

তারিখ : ২৭/১১/২০২৪ খ্রি :

স্মারক নং : ৪৭.৬২.৪১২৩.১০১.১৮.১৪৮.০৮. ১২০২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। উপপরিচালক, বিআরডিবি, যশোর।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৪। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।
- ৫। উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর।
- ৬। সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।
- ৭। অফিস কপি।


২৭/১১/২০২৪

(মোঃ মাহমুদুল হাসান)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ঝিকরগাছা, যশোর।

ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
বিকরগাছা, যশোর।

স্থায়ী কমিটির সদস্যদের উপস্থিতির তালিকা।

অধিবেশন নং : ২৪ (চকিশ)
সময় : সকাল ১০.০০ টা।

তারিখ : ২৭/১১/২০১৪ খ্রিঃ

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর :-

ক্রমিক নম্বর	নাম ও পদবী	সভার পদবী	স্বাক্ষর
০১	প্রশাসক উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।	সভাপতি	
০২	চেয়ারম্যান বাঁকড়া ইউনিয়ন পরিষদ বিকরগাছা, যশোর।	সদস্য	
০৩	চেয়ারম্যান নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ বিকরগাছা, যশোর।	সদস্য	
০৪	চেয়ারম্যান শংকরপুর ইউনিয়ন পরিষদ বিকরগাছা, যশোর।	সদস্য	
০৫	মোঃ ছালাউদ্দিন উপজেলা সমবায় কর্মকর্তা বিকরগাছা, যশোর।	সদস্য	
০৬	মোঃ মাহমুদুল হাসান উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিকরগাছা, যশোর।	সদস্য-সচিব	